দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 22 JUN 1989 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 7 ...

18

# ছাত্র সংঘর্ষে ৩০ জন আহত ॥ বিআইটি ইনষ্টিটিউট বন্ধ

গাজীপুর সংবাদদাতা জানান, গত মঙ্গলবার ও গতকাল (বুধবার) সকালে গাজীপুরস্থ বাংলাদেশ ইনসটিটিউট অব টেকনলজি (বিআইটি) দুইটি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে কয়েক দফা সংঘর্ষে কমপক্ষে ৩০ জন ছাত্র আহত হয়। আহত ৫ জনকে স্থানীয় সদর হাসপাতালে ভর্তি ও অন্যান্যকে ঢাকার বিভিন্ন হাসপাতালে প্রেরণ করা হয়। বিআইডি কর্তৃপক্ষ উদ্ভূত পরিস্থিতির কারণে ইনসটিটিউটের সকল বর্ষের সেমিষ্টার ফাইনাল

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## ছাত্র সংঘর্ষে

(১ম পৃঃ পর)

পরীক্ষা স্থগিত ও অনির্দিষ্টকালের জন্য ইনসটিটিউট বন্ধ ঘোষণা করিয়াছেন এবং অবিলম্বে ছাত্রদের হল ত্যাগের নির্দেশ দিয়াছেন। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হইয়াছে।